সংবাদ

তারিখ ... 30 OCT 2008
পৃষ্ঠা ১১ কলাম ৮

অস্থিতিশীল পরিবেশ সৃষ্টি

# ২৭ ছাত্রলীগ নেতাকর্মীকে শাবি কর্তৃপক্ষের শোকজ

প্রতিনিধি, শাবি

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে অস্থিতিশীল পরিবেশ সৃষ্টির অভিযোগে ছাত্রলীগের ২৭ নেতাকর্মীকে শোকজ করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। এদের এক সপ্তাহের মধ্যে শোকজের জবাব দিতে বলা হয়েছে। শাবি শাখা ছাত্রলীগের অভ্যন্তরীণ কোন্দলের জের ধরে প্রায় প্রতিদিনই ঘটছে সহিংসতা।

গত এক সপ্তাহে এ ধরনের ৪টি সংঘর্ষের ঘটনা ঘটেছে। এসব ঘটনার পর শাবিতে ছাত্র রাজনীতি বন্ধ ঘোষণা করা হয়।